

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ৩৫

১০ ভাদ্র ১৪২৭
তারিখ :-----
২৫ আগস্ট ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা।

এফই সার্কুলার নং ৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর ২০১৯ এর ২ নম্বর অনুচ্ছেদ, এফই সার্কুলার নং ৪৮, তারিখ ১৫ ডিসেম্বর ২০১৯ ও এফই সার্কুলার পত্র নং ৪, তারিখ ২২ জানুয়ারি ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত সার্কুলারগুলোতে ২০১৯-২০২০ অর্থবছরে ক্ষুদ্র ও মাঝারি হোম টেক্সটাইল ও টেরিটাওয়েলসহ রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানগুলোর অনুকূলে সম্পূর্ণ দেশীয় সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে বিদ্যমান ব্যবস্থায় দেশীয় বস্ত্রমূল্যের ভিত্তিতে অতিরিক্ত নগদ সহায়তা সুবিধা বলবৎ রয়েছে। সম্পূর্ণ দেশীয় সুতা/বস্ত্র ব্যবহারের ক্ষেত্রে পণ্যে ব্যবহৃত বস্ত্রমূল্যের উপর নগদ সহায়তা প্রদানের বিদ্যমান এ ব্যবস্থার পাশাপাশি সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে জানানো যাচ্ছে যে,

(ক) ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান সম্পূর্ণ বিদেশি সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হবে।

(খ) ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান দেশি ও বিদেশি উভয় ধরণের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হবে। আলোচ্য ক্ষেত্রে ইতঃপূর্বে উক্ত রপ্তানির বিপরীতে অতিরিক্ত নগদ সহায়তা গৃহীত হয়নি মর্মে নিশ্চিত হতে হবে।

০৩। সম্পূর্ণ বিদেশি কিংবা দেশি ও বিদেশি উভয় ধরণের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা এবং ডিউটি ড্র-ব্যাক/শুল্ক বন্ড সুবিধা একই সাথে প্রযোজ্য না হওয়ার শর্ত পূর্বের ন্যায় বহাল থাকবে। আলোচ্য নগদ সহায়তা ২০১৯-২০২০ অর্থবছরে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং সংযোজনী ফরম -'ক' মোতাবেক প্রযোজনীয় দালিলাদিসহ নগদ সহায়তার জন্য পৃথকভাবে আবেদনপত্র দাখিল করতে হবে এবং নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করাতে হবে। আবেদনপত্র দাখিলের নির্দেশিত সময় ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এমন ক্ষেত্রে এ সার্কুলার জারির তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় আবেদনপত্র দাখিলযোগ্য হবে।

বস্ত্রখাতে রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার)
অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের নগদ সহায়তার জন্য আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : -----

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : -----

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য :-----

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য :

সরবরাহকারীর নাম ও ঠিকানা	উপকরণাদির নাম ও পরিমাণ	অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাংক ঋণপত্রের নম্বর/ডকুমেন্টারি কালেকশন/ব্যাংক ব্যবস্থায় পরিশোধ ও মূল্য	ঋণপত্র/ব্যাংক-টু-ব্যাংক ঋণপত্র/ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ ও মূল্য	মন্তব্য
১	২	৩	৪	৫

(৩ ও ৪ নম্বর কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। ৩ নম্বর কলামে উল্লিখিত উপকরণাদি ব্যবহারের ক্ষেত্রে শুষ্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গ্রহণ না করার বিষয়ে রপ্তানিকারকের ঘোষণাপত্র দাখিল করতে হবে। স্থানীয় উপকরণাদি ব্যবহারের ক্ষেত্রে শুষ্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গৃহীত হলে উক্ত অংশ মূল্য সংযোজন হিসাবায়নে বাদ দিতে হবে। রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ এর প্রত্যয়নপত্র (ফরম - 'খ' মোতাবেক) দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানি চালানোর বিবরণ :

পণ্যের বর্ণনা	পরিমাণ	আমদানিকারকের দেশের নাম	ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়)	জাহাজীকরণের তারিখ	ইএসপি নম্বর	বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ার ওয়েবিল (এফই সার্কুলার নং ১২/২০২০ এর নির্দেশনা পরিপালন সাপেক্ষে 'এফসিআর'), বিল অব এক্সপোর্ট (শুষ্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।)

(ঙ) নগদ সহায়তার আবেদনকৃত অংক :

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইস্যুরেপ ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩)
১	২	৩	৪

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্য মূল্য			স্থানীয় মূল্য সংযোজনের হার	স্থানীয় মূল্য সংযোজনের পরিমাণ	প্রাপ্য নগদ সহায়তা (৯) x ৪%
			$[(8)-(6)-(9))/(8) \times 100$	(8)-(6)-(9)	
দেশীয় পণ্য	দেশীয় উপকরণাদির মধ্যে শুষ্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা প্রাপ্ত অংশ	আমদানিকৃত পণ্য			
৫	৬	৭	৮	৯	১০

(আমদানিকৃত পণ্য অব্যবহৃত থাকলে কিংবা পূর্বের আমদানিকৃত পণ্য ব্যবহৃত হলে তদবিষয়ে উপযুক্ত উৎপাদন ব্যয় হিসাব অনুযায়ী উপরোক্ত ৬ নং কলামে উল্লেখ করতে হবে। এ বিষয়ে উৎপাদন ব্যয় হিসাবায়ন দাখিল করতে হবে।

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের নগদ সহায়তার জন্য আবেদন করা হলো। ইতঃপূর্বে আলোচ্য রপ্তানির বিপরীতে অতিরিক্ত নগদ সহায়তা গ্রহণ করিনি। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদ্ঘাটিত হয় তবে গৃহীত নগদ সহায়তার সমুদয় অর্থ বা এর অংশ বিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ : -----

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবি

(চ) নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইস্যুরেপ ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩)
(১)	(২)	(৩)	(৪)

রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের মূল্য			স্থানীয় মূল্য সংযোজনের হার	স্থানীয় মূল্য সংযোজনের পরিমাণ	পরিশোধ্য নগদ সহায়তার পরিমাণ (টাকায়)
			$[(8)-(6)-(9))/(8) \times 100$	(8)-(6)-(9)	(৯) x ৪% x (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য)
দেশীয় পণ্য	দেশীয় উপকরণাদির মধ্যে শুষ্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা প্রাপ্ত অংশ	আমদানিকৃত পণ্য			
(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)

নগদ সহায়তার পরিমাণ ----- টাকা (কথায় : -----)।

পরিশোধের তারিখ : -----

নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

- ১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :
- ২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :
- ৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :
- ৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :
- ৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :
- ৬। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনের স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৭। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :
- ৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :
- ১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :
- ১১। মোট প্রত্যাভাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :
- ১২। প্রত্যাভাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বস্ত্রব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়দেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাভাসিত রপ্তানিমূল্য থেকে নির্গত স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ
এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]